

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩, বাংলাদেশ

## চাকাস্থ গেষ্ট হাউজ অবস্থানের নিয়মাবলী

(১লা অক্টোবর, ২০১৬ থেকে কার্যকর)

- ১) গেষ্ট হাউজে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ অবস্থান করতে পারবেন। অবস্থানকালে নিজ স্ত্রী/ছেলে-মেয়ে সাথে থাকলে তাও উল্লেখ করতে হবে।
- ২) গেষ্ট হাউজের সীট বরাদ্দের জন্য নির্ধারিত তারিখের পূর্বেই কেবলমাত্র প্রশাসনের তত্ত্বাবধানে নিয়োজিত গেষ্ট হাউজ ইন-চার্জের সাথে যোগাযোগ করে কক্ষ/সীট বরাদ্দ পাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ৩) গেষ্ট হাউজের সীট বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সীট বরাদ্দের ক্ষেত্রে থাণ্ডি সাপেক্ষে জেষ্ঠ্যতার ভিত্তিতে বরাদ্দ দেয়া হবে। তবে অফিসিয়াল কাজে অবস্থানের জন্য অগ্রাধিকার দেয়া হবে। সীট বরাদ্দ বাতিল করতে চাইলে কমপক্ষে ১২ (বার) ঘন্টা আগে সংশ্লিষ্ট ব্যক্তিকে জানাতে হবে।
- ৪) ভিসি মহোদয় ঢাকায় অবস্থানকালে গেষ্ট হাউজের একটি নির্ধারিত কক্ষে অবস্থান করবেন। খালি থাকা সাপেক্ষে কেবলমাত্র ভিসি মহোদয়ের অনুমোদনক্রমে ঐ নির্ধারিত কক্ষটিতে অধ্যাপক/সমক্ষেলভক্ত কর্মকর্তা উক্ত কক্ষে অবস্থান করতে পারবেন।
- ৫) গেষ্ট হাউজে সর্বোচ্চ ৫ (পাঁচ) দিন একাধারে অবস্থান করা যাবে। জরুরী কাজে পাঁচ দিনের অধিক অবস্থানের প্রয়োজন হলে অনুমোদিত সময় শেষ হওয়ার আগেই পূর্ণ অবস্থানের জন্য কর্তৃপক্ষকে অবগত করতে হবে।
- ৬) শুধুমাত্র কর্তৃপক্ষের পূর্ব অনুমতিক্রমে বিশেষ প্রয়োজনে খালি থাকা সাপেক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের মেহমান গেষ্ট হাউজের নিয়মকানুন মেনে অবস্থান করতে পারবেন।
- ৭) গেষ্ট হাউজে প্রবেশের জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচয়পত্র অবশ্যই সংগে রাখতে হবে। নিরাপত্তার সুবিধার্থে অবশ্যই রাত ১২টার পূর্বেই গেষ্ট হাউজে প্রবেশ করতে হবে।
- ৮) গাড়ীর গ্যারেজে শুধুমাত্র কুয়েটের (অফিসিয়াল) কোন গাড়ী ঢাকা গেলে গ্যারেজে রাখা যাবে এবং সেই ক্ষেত্রে উক্ত গাড়ীর ড্রাইভার গেষ্ট হাউজে অবস্থান করতে পারবে।
- ৯) গেষ্ট হাউজে অবস্থানকালীন সময়ে খাবারের সুবিধা পেতে হলে গেষ্ট হাউজ এ্যাটেনডেন্টকে পূর্ব থেকে অবহিত করে নিজ খরচে ব্যবস্থা করা যাবে।
- ১০) উপরে বর্ণিত ধারাগুলোর বাইরে কোন বিষয়ের তাৎক্ষণিক সিদ্ধান্তের জন্য ভিসি মহোদয়ের অনুমোদনের প্রয়োজন হবে।

### ভাড়া এবং তৎসংগ্রাস নিয়মাবলী

গেষ্ট হাউজে অবস্থানের পূর্বে কক্ষ বরাদ্দের বিষয়টি নিশ্চিত করতে হবে। গেষ্ট হাউজে রাঙ্কিত রেজিস্ট্রার থাতায় আগমন ও প্রস্থানের সময় এবং জমাকৃত সীটের চার্জ উল্লেখ পূর্বক অবস্থানকারী নিজে স্বাক্ষর প্রদান করবেন।

ক্রং নং	কক্ষের ধরণ	দৈনিক ভাড়ার হার (প্রতি সীট)
১	এসি	১৫০.০০
২	নন-এসি	১০০.০০

### গেষ্ট হাউজ ইনচার্জ এর সাথে যোগাযোগ

নাম : প্রকৌশলী হুসাইন মোহাম্মদ এরশাদ, নির্বাহী প্রকৌশলী (তত্ত্ব), প্রকৌশল শাখা, অত্র বিশ্ববিদ্যালয়

ই-মেইল : guesthouse.kuet@gmail.com

মোবাইল : 01714087458 (গেষ্ট হাউজ )

01721331531 (প্রকৌশলী হুসাইন মোহাম্মদ এরশাদ)

01911566339 (চাকাস্থ গেষ্ট হাউজ এ্যাটেনডেন্ট)

পিএবিএক্স : 041-769468-75 Ext. 617